গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২০০-আইন/২০১৯/৫৭-মূসক।– মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা শিপ ব্রেকিং ইয়ার্ড থেকে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) **"কমিশনার (আমদানি)"** অর্থ যে শুল্ক ভবন দিয়ে আমদানিকৃত শিপ খালাস হইবে সে শুল্ক ভবনের দায়িত্বপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস;

(গ) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোন ফরম;

(ঘ) **"মূসক বিধিমালা"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঙ) **"শিপ ব্রেকিং ইয়ার্ড"** অর্থ এমন কোনো স্থান যেখানে স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত শিপ বিচিং করে ভাঙ্গার মাধ্যমে শিপ স্ক্র্যাপ তৈরি করা হয়;

(চ) **"বিভাগীয় কর্মকর্তা"** অর্থ শিপ ব্রেকিং ইয়ার্ড সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার বা উপ-কমিশনার।

৩। কর আদায়।- আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিতে যাহাই থাকুক না কেন, শিপ ব্রেকিং ইয়ার্ড হইতে শিপ স্ক্র্যাপ সরবরাহের উপর প্রদেয় কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় হইবে।

৪। কর আরোপ।- (১) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া উৎপাদিত শিপ স্ক্র্যাপের উপর আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ মোতাবেক ন্যায্য বাজারমূল্যের উপর ৫ (পাঁচ) শতাংশ হারে মূল্য সংযোজন কর আরোপযোগ্য হইবে।

(২) আমদানিকৃত ও স্থানীয়ভাবে ক্রয়কৃত শিপে বাহিত পণ্য (যেমন, ফার্নেস অয়েল, ডিজেল, আসবাবপত্র, ফ্রিজ, টিভি, এয়ারকন্ডিশনার, মোটর, পাখা, টয়লেট সামগ্রী, ইত্যাদি) খালাসের সময় ন্যায্য বাজারমূল্যের ৫ (পাঁচ) শতাংশ হারে ব্যবসায়ী পর্যায়ের মূল্য সংযোজন কর আরোপযোগ্য হইবে।

৫। **কর নিরূপন ও কর পরিশোধ পদ্ধতি।-** (১) আমদানিকৃত শিপ অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে-

(ক) নিবন্ধিত শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষ প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করার লক্ষ্যে **"ফরম-ক"** এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট একটি ঘোষণা প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, স্থানীয়ভাবে সংগৃহীত শিপ এর ক্ষেত্রে উক্তরূপ ঘোষণার সহিত শিপটি পূর্বে আমদানিকৃত হলে সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনার কর্তৃক প্রদত্ত দায়-দেনা না থাকিবার প্রত্যয়নপত্র ও ব্যবসায়ী পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধের প্রমাণপত্র দাখিল করিবেন;

(খ) বিভাগীয় কর্মকর্তা দফা (ক) এর অধীন প্রদত্ত ঘোষণা সম্পর্কিত তথ্য থেকে শিপ এর ওজনের (LDT) দশ শতাংশকে অপচয় বিবেচনা করিয়া বিধি ৪ এ উল্লিখিত মূল্যের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে মোট পরিশোধযোগ্য করের পরিমাণ নির্ধারণ করিবেন;

(গ) বিভাগীয় কর্মকর্তা শিপ এ বাহিত পণ্যের বিক্রয় মূল্যের উপর প্রদেয় ব্যবসায়ী পর্যায়ে ন্যায্য বাজারমূল্যের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর আদায় করিবেন;

(ঘ) বিভাগীয় কর্মকর্তা দফা (খ) ও (গ) অনুসারে নির্ধারিত পরিমাণ কর ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষকে অবহিত করিবেন; এবং

(ঙ) শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃপক্ষ মূল্য সংযোজন কর ট্রেজারিতে জমা প্রদানপূর্বক করমেয়াদ শেষে আইনের ধারা ৬৪ অনুযায়ী একটি দাখিলপত্র বিভাগীয় দপ্তরে পেশ করিবেন, যাহার সংগে কর জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে।

৬। **বিচিং এর অনুমতি।-** শিপ ব্রেকিং ইয়ার্ড কর্তৃক দাখিলকৃত দাখিলপত্রের ভিত্তিতে-

(অ) আমদানিকৃত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা **"ফরম-খ"** তে একটি প্রত্যয়নপত্র প্রদান করিয়া উহার একটি অনুলিপি আমদানি সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস কে প্রদান করিবেন; আমদানি সম্পর্কিত শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন হইলে কমিশনার অব কাস্টমস (আমদানি) উক্ত প্রত্যয়নপত্র প্রাপ্তির পর আমদানিকৃত শিপের বিচিং এর অনুমতি প্রদান করিবেন;

(আ) স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া স্ক্র্যাপ উৎপাদনের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা **"ফরম-খ"** তে একটি প্রত্যয়নপত্র প্রদান করিয়া উহার একটি অনুলিপি শিপ ব্রেকিং ইয়ার্ড সংশ্লিষ্ট মূসক কমিশনারের নিকট প্রেরণ করিবেন; মূসক কমিশনার উক্ত ফরমের ভিত্তিতে স্থানীয়ভাবে সংগৃহীত শিপের বিচিং এর অনুমতি প্রদান করিবেন।

৭। **কর চালানপত্র প্রদান।**- নিবন্ধিত শিপ ব্রেকিং ইয়ার্ডকে প্রতিটি সরবরাহের (স্ক্র্যাপ ও বাহিত পণ্য) বিপরীতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী ফরম **"মূসক ৬.৩"** তে ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করিতে হইবে।

৮। **জরিমানা।**– এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাইবে।

“ফরম-ক”

ঘোষণাপত্র

[বিধি ৫ (১) (ক) দ্রষ্টব্য]

১।	শিপ ব্রেকিং ইয়ার্ড এর নাম	:
২।	মূসক নিবন্ধন নম্বর	:
৩।	শিপ ব্রেকিং ইয়ার্ড এর ঠিকানা	:
৪।	শিপ এর ওজন	:
৫।	আমদানি শুল্ক ভবনের নাম	:
৬।	বিল অব এন্ট্রি নম্বর (যদি থাকে)(সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)	:
৭।	বিল অব লেডিং নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)	:
৮।	ইনভয়েস নং (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)	:
৯।	ঋণপত্রের কপি (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)	:
১০।	স্থানীয়ভাবে সংগৃহীত শিপের ক্ষেত্রে ক্রয় সম্পর্কিত তথ্য (সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)	:

আমি এইমর্মে অঙ্গীকার প্রদান করিতেছি যে, ওপরে বর্ণিত তথ্যাদি আমার জানা মতে সঠিক। উক্ত তথ্যে পরবর্তীকালে কোনো প্রকার অসঙ্গতি পাওয়া গেলে মূল্য সংযোজন কর আইনের ধারা ৮৫ অনুযায়ী প্রদত্ত দন্ড মানিয়া লইতে বাধ্য থাকিব।

শিপ ব্রেকিং ইয়ার্ড এর পূর্ণ নাম
ও
স্বাক্ষর (সিলসহ)

“ফরম-খ”
প্রত্যয়নপত্র

[বিধি ৬ দ্রষ্টব্য]

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স (প্রতিষ্ঠানের নাম) .... নিবন্ধন নম্বর .... শুল্ক ভবন/ কমিশনারেটের নাম .... এর বি/ই নম্বর .... শিপ এর নাম .... এর ওজনের (LDT) দশ শতাংশ অপচয় বাদে সর্বমোট .... মেট্রিক টন এর ন্যায্য বাজারমূল্য .... টাকার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর .... টাকা এবং শিপ-এ বাহিত পণ্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর .... টাকা অগ্রিম মূসক হিসেবে ট্রেজারি চালান নম্বর .... তারিখ .... এর মাধ্যমে পরিশোধ করিয়াছে।

তারিখঃ

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সিল
তারিখঃ

নথি নং-

অনুলিপি: প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে ট্রেজারি চালানের সত্যায়িত কপিসহ কমিশনার এর নিকট বিশেষ বাহক মারফত প্রেরণ করা হইলঃ

০১। কমিশনার, শুল্ক ভবন, ... (ঠিকানা)।

০২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ... (ঠিকানা)।

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সিল

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ড. আব্দুল মান্নান শিকদার)
সদস্য (মূসক নীতি)